তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক বাংলা

25

দৈনিক বাংলা

ঢাকা ভার্সিটি পরিবেশ পরিষদের সভা

# ক্যাম্পাসে অস্ত্রধারীদের আশ্রয় দেব নাঃ সকল ছাত্র সংগঠনের অঙ্গীকার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে সকল ছাত্র সংগঠন ঐকমত্যে পৌছেছে।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার ব্যাপারে দীর্ঘক্ষণ ধরে খোলামেলা আলোচনা হয়। এই সভায় ছাত্র সংগঠনগুলো এ ব্যাপারে একমত হন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (শা-পা), ছাত্রলীগ (কা-চু), ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট, ছাত্রমৈত্রীসহ সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন।

দীর্ঘ সময় আলোচনার প্রেক্ষিতে তিনটি ব্যাপারে সকল ছাত্র সংগঠন একমত প্রকাশ করে ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে সিদ্ধান্তগুলো বাস্তবায়নে অঙ্গীকার করেন।

গৃহীত সিদ্ধান্তগুলো হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, হলসহ সর্ব ক্ষেত্রে কোন ছাত্র সংগঠন অস্ত্রধারী বহিরাগতদের আশ্রয় দেবে না। বহিরাগত অস্ত্রধারীদের ব্যাপারে পুলিশ প্রশাসন কঠোর ও কার্যকর ভূমিকা গ্রহণ করবে। এসব সন্ত্রাসীদের বিরুদ্ধে পুলিশের গৃহীত ব্যবস্থা সম্পর্কে কোন ছাত্র সংগঠন কোন প্রকার বক্তব্য দিতে পারবে না।

ক্যাম্পাসে যদি কোন অবাঞ্ছিত ও অপ্রীতিকর ঘটনা ঘটে, সেক্ষেত্রে ছাত্র নেতৃবৃন্দ পারস্পরিক আলোচনার মাধ্যমে তাৎক্ষণিকভাবে তা নিরসনে ইতিবাচক ভূমিকা রাখবে। কোন ছোটখাটো ঘটনায় যাতে বৃহৎ গন্ডগোলের সূত্রপাত না হয় সে বিষয়ে

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ক্যাম্পাসে**

ছাত্র সংগঠনসমূহ তীক্ষ্ণ নজর রাখবে। এছাড়া ক্যাম্পাসে শিক্ষার স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সকল সংগঠন সব ধরনের কার্যকর ভূমিকা পালন করবে।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টরগণ উপস্থিত ছিলেন।